

“শেখ হাসিনার মমতা  
বয়স্কদের জন্য নিয়মিত  
ভাতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়  
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।



dss.naikhongchhari.bandarban.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০৩৭৩.০০০.১৬.০৯৩.১২.২৩৫

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮

১০ আগস্ট ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থ বছরে ভাতাভোগীদের অনলাইনে আবেদন গ্রহণ করে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলাদের ভাতা কার্যক্রম G2P পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০০০.১৮.০০১.২১.৫৮, তারিখ : ০১ আগস্ট ২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা হয়েছে। অনলাইন আবেদন ব্যতিত কোন প্রকার উপকারভোগী নির্বাচন করা হবে না। উল্লেখ্য যে, সর্বাধিক দারিদ্রপ্রবণ একালা হিসেবে বান্দরবান পার্বত্য জেলার অন্যান্য উপজেলার ন্যায় নাইক্ষ্যংছড়ি উপজেলাকে শতভাগ বয়স্ক ও বিধবা ভাতার আওতাভুক্ত করেছেন। এ প্রেক্ষিতে ২০২১-২২ অর্থ বছরে আপনার ইউনিয়নের বয়স্ক ও বিধবা ভাতা প্রাপ্তিযোগ্য অসহায়, দুঃস্থ ও দরিদ্র ব্যক্তিকে আগামী ৩১ শে আগস্ট ২০২১ তারিখ এর মধ্যে (<http://mis.bhata.gov.bd/onlineApplication>) ওয়েবসাইটে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উদ্যোক্তাগণের মাধ্যমে অনলাইনে আবেদনের জন্য আপনার ইউনিয়নের সকল ওয়ার্ডে জনগনকে অবহিতকরণ ও ব্যাপক প্রচার-প্রচারনায় সহযোগিতার প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

#### আবেদনের শর্তাবালী :

- ০১। আগ্রহী উপকারভোগীকে অবশ্যই অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। বয়স্ক ভাতায় আবেদনের ক্ষেত্রে পুরুষদের বয়স কমপক্ষে ৬৫ বছর এবং মহিলাদের বয়স কমপক্ষে ৬২ বছর হতে হবে।
- ০৩। বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতায় আবেদনের ক্ষেত্রে বিধবা মহিলাদের বয়স অবশ্যই ৩৫ বছরের উর্দে হতে হবে। তবে সর্বোচ্চ বয়স্ক বিধবা মহিলাকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ০৪। বিধবা ভাতা ভাতার প্রাপ্তি ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট উপকারভোগী স্বামী মৃত্যু সনদ/স্বামী ডিভোর্সে কপি অথবা স্বামী নিগৃহিতা কারণ প্রমাণক থাকতে হবে।

সংযুক্ত :

০১। নির্দেশনাপত্র : ০১ সেট।

১০-৮-২০২১

সফিকুল ইসলাম

উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০৩৬১৪১০২১

ইমেইল:

বিতরণ :

১) চেয়ারম্যান, নাইক্ষ্যংছড়ি

সদর/দোছড়ি/সোনাইছড়ি/বাইশারী/ঘুমধুম ইউনিয়ন  
পরিষদ, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।  
২) উদ্যোক্তা, ডিজিটাল সেন্টার, নাইক্ষ্যংছড়ি  
সদর/দোছড়ি/সোনাইছড়ি/বাইশারী/ঘুমধুম ইউনিয়ন  
পরিষদ, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নম্বর: ৪১.০১.০৩৭৩.০০০.১৬.০৯৩.১২.২৩৫/১

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮  
১০ আগস্ট ২০২১

অনুলিপি :

- ১) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
- ২) উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪) জনাব ....., নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৫) অফিস সংরক্ষিত নথি।



১০-৮-২০২১

সফিকুল ইসলাম

উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত  
দায়িত্ব)